

২৬ শ্রাবণ ১৪২৫ শুক্রবার ১০ আগস্ট ২০১৮



অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান
ইউআইইউ'র নতুন ডিসি

স্টাফ রিপোর্টার : ইউনাইটেড
ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির
(ইউআইইউ) নতুন উপাচার্য হিসেবে
অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর
রহমানকে নিয়োগ দিয়েছে সরকার।
বিশ্ববিদ্যালয়ের চ্যালেঞ্জ ও রপ্তিপতি
আবদুল হামিদ আগামী চার বছরের
জন্য তাকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য
নিয়োগের অনুমোদন দিয়েছেন।

গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের
উপ-পরিচালক (জনসংযোগ) আবু
সাদাত এ তথ্য নিশ্চিত করে বলেন,
নতুন এ উপাচার্য ২০০৩ সাল থেকে
পরপর তিনবার ইউআইইউ'র উপ-
উপাচার্যের দায়িত্ব পালন করেছিলেন।
কর্মজীবনে তার অনেক সুখ্যাতি
রয়েছে।

তিনি বয়েটের কম্পিউটার সাইন্স ও
ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক হিসেবে
দীর্ঘ পনের বছর কর্মরত ছিলেন। একই
বিভাগের তিনি বিভাগীয় চেয়ারম্যানের
দায়িত্ব পালন করেন। বয়েট থেকে
কৃতিত্বের সাথে বিএসসি, এমএসসি
শেষ করে মোফিজুর রহমান মনোবসু
বৃত্তি নিয়ে জাপানের টোকিও
ইনস্টিটিউট অব টেকনোলজি থেকে
পিএইচডি ডিগ্রি লাভ করেন।